ডেঙ্গুতে ঢাকা ও খুলনায় শিশুসহ দুজনের মৃত্যু

ঈদের ছুটিতে ডেঙ্গু আক্রান্ত হয়ে আরও দুজনের মৃত্যু হয়েছে। রাজধানীর শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালে এক শিশু ও খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে একজন মারা যায়।

সামিয়া নামের আট বছরের এক শিশু আজ মঙ্গলবার ভোর সাড়ে ছয়টায় শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত হয়ে মারা যায়। হাসপাতালের পরিচালক উত্তম কুমার বড়ুয়া বলেন, তালতলা থেকে সামিয়া গত ১০ আগস্ট এই হাসপাতালে ভর্তি হয়। শিশুটির অবস্থা খারাপ ছিল। ভোরে সে মারা যায়।

গতকাল সোমবার ঈদের দিন মারা যান গোপালগঞ্জের মো. রাসেল (৩২)। রাসেল খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান। খুলনার সিভিল সার্জন এ এস এম আবদুর রাজ্জাক বলেন, মো. রাসেল ঢাকা থেকেই ডেঙ্গু জ্বর নিয়ে আসেন। গোপালগঞ্জে চিকিৎসা নিচ্ছিলেন। অবস্থার অবনতি হলে খুলনা মেডিকেলে ভর্তি হয়েছিলেন। ঈদের দিন বেলা আড়াইটার দিকে তিনি মারা যান।

এ নিয়ে ডেঙ্গু জ্বর নিয়ে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ১২৬ জনের মৃত্যু হয়েছে। তবে সরকারি হিসেবে ডেঙ্গুতে মৃত্যুর সংখ্যা হলো ৪০।